

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৫/২০১৪

অভিযোগকারী : জনাব আবুল কাশেম আল আছাদ (ফয়সল)

পিতা-মৃত আব্দুস সোবহান

৩৯৩, জল্লারপাড় (প্রধান সড়ক)

পোস্ট ও থানা-সদর সিলেট

জেলা-সিলেট ৩১০০।

প্রতিপক্ষ : জনাব নুরুল আলম

সহকারী ওয়াক্ফ প্রশাসক

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

ওয়াক্ফ ভবন, ৪, নিউ ইস্কাটন রোড

ঢাকা-১০০০।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১০-০৬-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব আবুল কাশেম আল আছাদ (ফয়সল) ৩০-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে সহকারী ওয়াক্ফ প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নুরুল আলম এর বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নুরুল আলম কর্তৃক তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে যে তথ্য সরবরাহ করা হয়েছে, তা সত্যায়িত করা হয়নি। এ বিষয়ে তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী প্রতিকার প্রার্থনা করে অভিযোগ দাখিল করেন।

০২। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১০-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব আবুল কাশেম আল আছাদ ও প্রতিপক্ষ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়ের সহকারী ওয়াক্ফ প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নুরুল আলম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য প্রাপ্তির আবেদনের প্রেক্ষিতে যে তথ্য সরবরাহ করা হয়েছে, তা সত্যায়িত করা হয়নি। এ বিষয়ে তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী প্রতিকার প্রার্থনা করে অভিযোগ দাখিল করেন।

০৪। ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়ের সহকারী ওয়াক্ফ প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা হয়েছে কিন্তু ভুলবশত: সরবরাহকৃত তথ্য সত্যায়িত করা হয়নি। অভিযোগকারীর তথ্যাদি সত্যায়িত করে আনা হয়েছে এবং সরবরাহ করা সম্ভব হবে।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে যে তথ্যাদি সরবরাহ করা হয়েছে, তা সত্যায়িত করা হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সত্যায়িত করে পুনরায় সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ অনুযায়ী তথ্য মূল্য পরিশোধ সাপেক্ষে ১০-০৬-২০১৪ তারিখে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যাদি সত্যায়িত করে সরবরাহ করার জন্য ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়ের সহকারী ওয়াক্ফ প্রশাসক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নুরুল আলম কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার